

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার  
\*\*\*\*\*

স-৩৬৯৭  
জিরানীয়া, ১৭ নভেম্বর, ২০২৩

প্রতি ঘরে সুশাসন ২.০  
জিরানীয়া নগর পঞ্চায়েতের ওয়ার্ড ভিত্তিক বিকাশ শিবির

জিরানীয়া নগর পঞ্চায়েতের ওয়ার্ড ভিত্তিক প্রতি ঘরে সুশাসন ২.০ অভিযানে বিকাশ শিবির গতকাল থেকে শুরু হয়েছে। জিরানীয়া অধিবীণা হলে নগর পঞ্চায়েতের ৮ ও ১১ নং ওয়ার্ড ভিত্তিক এই শিবিরের সূচনা করেন চেয়ারপার্সন রতন কুমার দাস। তিনি বলেন, রাজ্য ও কেন্দ্রীয় সরকারের বিভিন্ন প্রকল্পগুলি থেকে যাতে জনসাধারণ সুযোগ সুবিধা নিতে পারেন তার জন্যই এই শিবির আয়োজনের উদ্যোগ নেওয়া হয়েছে। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন জিরানীয়া নগর পঞ্চায়েতের ডেপুটি সিইও অনিল চন্দ্র দাস প্রমুখ।

\*\*\*\*\*